গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬ (১) - ৬৫৬

তারিখ ঃ ০৪ সেপ্টেম্বর , ২০১৭খ্রিঃ।

**বিষয় ঃ “অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২(দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন” সংক্রান্ত কমিটির কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭-৪৪৫, তারিখ :২৮ আগষ্ট, ২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুসারে তাঁর প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ১৪/০৯/২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

০৪/০৯/১৭
(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।

৫-৫৪ । অধ্যক্ষ, ---সকল---পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৫-১১৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ---সকল---

১১৯-১২২ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । জনাব মোছা: নাজনীন সুলতানা, উপ-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১০ । নথি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭. ৪৪৫

তারিখ ঃ ১৩ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ''অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন'' সংক্রান্ত কমিটির কার্যবিবরণী প্রেরণ।

সূত্র ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৮১.০৫.১০৩.১৫.৮, তারিখ: ১৬ আগস্ট ২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত তাদের গত ৩১.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত কার্যবিবরণীতে বিবৃত নিম্নবর্ণিত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

| কার্যবিবরণীতে বিবৃত ক্রমিক নং | প্রস্তাবিত কর্মপরিকল্পনা | | | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|---|
| | কার্যাবলী | মন্ত্রণালয়/বিভাগ | টাইমলাইন | মন্ত্রণালয়/বিভাগ | টাইমলাইন |
| ১ | বিদ্যালয়, ক্লাব, কমিউনিটি, রেডিও, কেবল নেটওয়ার্ক, এনজিও ইত্যাদি সকল মিডিয়ার সহযোগিতায় এএসডি এবং এনডিডি সমস্যা আক্রান্ত শিক্ষার্থীদের তালিকা প্রণয়ণের লক্ষ্যে অভিভাবক এবং কমিউনিটি জনগণকে উদ্বুদ্ধ করা | শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি' ১৭-ডিসেম্বর' ১৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | অক্টোবর' ১৭-ডিসেম্বর' ১৮ |
| ৭ | সকল শিক্ষার্থীদের বসবাসের স্থান/এলাকা, সমস্যার মাত্রা এবং বয়সের শ্রেণী ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের উপযুক্ত পর্যায়ে (প্রি-স্কুলিং, বিশেষ বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা এবং ভোকেশনাল ও কারিগরি বিদ্যালয়) ভর্তি করা। | শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি' ১৭-ডিসেম্বর' ১৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | অক্টোবর' ১৭-ডিসেম্বর' ১৮ |

সংযুক্ত: বর্ণানামতে।

২৮/৮/১৭
(মোহাম্মদ শহীদুল্লাহ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৮০৭
dstmed17@gmail.com

*বিতরণ সদয় কার্যার্থে:*

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন ও অর্থ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৪ অধিশাখা

**"অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন" সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মো: মহিউদ্দীন খান, অতিরিক্ত সচিব(উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| তারিখ | : | ৩১/০৭/২০১৭ তারিখ, বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর অফিস কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তা | : | তালিকা সংযুক্তি-১ |

**১.০ আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাকে অবহিত করা হয় যে, অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির একটি সভা ৩১/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট হতে মতামত সংগ্রহ করা হয়েছে। সভায় উক্ত মতামত নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি উপজেলা ও জেলা পর্যায়ে বিদ্যালয়ের শিক্ষকদের অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের বিষয়ে সচেতন করা ও নেতিবাচক ধারনা দূরীকরণে সচেতনতা কার্যক্রম গ্রহণের প্রস্তাব করলে প্রকল্প পরিচালক, ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ (NAAND) সভাকে অবহিত করে যে, টার্গেটকৃত ৪৯০টি উপজেলার মধ্যে ইতোমধ্যে ২২০টি উপজেলায় সচেতনতা কার্যক্রম সম্পন্ন হয়েছে যাতে উপজেলা নির্বাহী কর্মকর্তা, স্বাস্থ্য কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক, মাদ্রাসা সুপার/ সহকারী সুপার, অটিজম ও এনডিডি শিশুর অভিভাবক এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ গ্রহণ করেন। এ পর্যায়ে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির কো-চেয়ারপারসন ডা. প্রাণ গোপাল দত্ত অটিজম ও এনডিডি শিশুদের বিদ্যালয়ে ভর্তির বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে সচেতনতা/ ওরিয়েন্টেশন ওয়ার্কসপ কার্যক্রম পরিচালনা করার লক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে নির্দেশনা প্রদানের প্রস্তাব করেন। এতে সভাপতিসহ অন্যান্য সকল সদস্য সম্মতি প্রদান করেন।

১.১ প্রকল্প পরিচালক, NAAND সভাকে আরও অবহিত করেন যে, প্রাথমিক ও গণশিক্ষায় অন্তর্ভূক্তির স্বাভাবিক সময় সীমা ৬-১০ বছর বয়স। এছাড়াও বাংলাদেশের ১৪ বছর বয়সের পরের শিক্ষার্থীদের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা প্রচলিত রয়েছে। অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের শিখনে দেরী হয় বিধায় তারা স্বাভাবিক সময়সীমার মধ্যে বিদ্যালয় অন্তর্ভূক্তিতে চ্যালেঞ্জের সম্মুখীন হতে পারে। এমতাবস্থায় তাদের জন্য বয়স শিথিলকরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পরিপত্র জারি করতে পারে বলে তিনি প্রস্তাব রাখেন। ডা. প্রাণ গোপাল দত্ত এ বিষয়ে একমত পোষণ করে বলেন, দু'বছর মেয়াদি কর্মপরিকল্পনার স্লোগান হতে পারে "Equality Of Education Opportunity". এছাড়া এনডিডি ট্রাস্টের চেয়ারপারসন ডা. গোলাম রাব্বানিকে "অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তা বিষয়ে সুপারিশমালা প্রণয়ন" সংক্রান্ত কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার জন্য তিনি অনুরোধ করেন।

১.২ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপজেলা পর্যায়ে উপজেলা মহিলা কর্মকর্তাকে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি পরিসংখ্যান কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেন। এছাড়া সভায় প্রস্তাবিত ২ (দুই) বছরব্যাপি কর্মপরিকল্পনার মেয়াদ জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত হলেও এখনো কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়নি বিধায় বাস্তবায়ন কার্যক্রম অক্টোবর ২০১৭ থেকে শুরু করার বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। পরিশেষে বিস্তারিত আলোনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

E/Autistics/Resulation

## ২.০ সিদ্ধান্তসমূহ

ক. প্রকল্প পরিচালক, NAAND প্রস্তাবিত সুপারিশমালায় "Equality of Education Opportunity" শ্লোগানটি অন্তর্ভুক্ত করবে;

খ. স্বাস্থ্য ও সেবা বিভাগ এনডিডি ট্রাস্টের চেয়ারপারসন ডা. গোলাম রাব্বানিকে "অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তা বিষয়ে সুপারিশমালা প্রণয়ন" সংক্রান্ত কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করবে;

গ. নিম্নলিখিত ছকে উল্লিখিত সিদ্ধান্তসমূহ প্রস্তাবিত সুপারিশমালায় অন্তর্ভুক্ত করে প্রকল্প পরিচালক, NAAND ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে:

| প্রস্তাবিত কর্মপরিকল্পনা | | | | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | কার্যাবলী | মন্ত্রণালয়/বিভাগ | টাইমলাইন | মন্ত্রণালয়/বিভাগ | টাইমলাইন |
| ১. | বিদ্যালয়, ক্লাব, কমিউনিটি, রেডিও, কেবল নেটওয়ার্ক, এনজিও ইত্যাদি সকল মিডিয়ার সহযোগিতায় এএসডি এবং এনডিডি সমস্যা আক্রান্ত শিক্ষার্থীদের তালিকা প্রণয়নের লক্ষ্যে অভিভাবক এবং কমিউনিটি জনগনকে উদ্বুদ্ধ করা | সমাজকল্যাণ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক, প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-ডিসেম্বর'১৮ | সমাজকল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য সেবা বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | অক্টোবর'১৭-ডিসেম্বর'১৮ |
| ২. | শিক্ষক, সমাজকর্মী, কমিউনিটি স্বাস্থ্যকর্মী এবং কমিউনিটি হেলথ প্রভাইডার ইত্যাদির সহযোগিতায় এএসডি এবং এনডিডি সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীকে চিহ্নিত করা | সমাজকল্যাণ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক, প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-ডিসেম্বর'১৭ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ | অক্টোবর'১৭-ডিসেম্বর'১৮ |
| ৩. | বয়স , লিঙ্গ জেলা , উপজেলা, ইউনিয়ন এবং গ্রামভেদে চিহ্নিত এসডি ও এনডিডি শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করা | সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-ডিসেম্বর'১৭ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | অক্টোবর'১৭-ডিসেম্বর'১৮ |
| ৪. | ভেলিডেশন এর উদ্দেশ্য তালিকায় অর্ন্তভূক্ত এএসডি ও এনডিডি শিক্ষার্থীদের এসেসমেন্ট করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক | জানুয়ারি'১৭-জুন'১৮ | স্বাস্থ্য সেবা বিভাগ | ডিসেম্বর'১৮-মার্চ'১৯ |
| ৫. | বিদ্যালয়ে ভর্তির উপযোগিতা এসেসমেন্টর জন্য এএসডি ও এনডিডি শিক্ষার্থীদের সমস্যার মাত্রা/পর্যায় চিহ্নিত করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-জুন'১৮ | স্বাস্থ্য সেবা বিভাগ | ডিসেম্বর'১৮-জানুয়ারি'১৯ |
| ৬. | বিদ্যালয়ে ভর্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে সকল এএসডি ও এনডিডি শিক্ষার্থীদের মোবাইল নম্বর, ই-মেইল ও ঠিকানাসহ বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান চিহ্নিত করা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-ডিসেম্বর'১৭ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | জানুয়ারি'১৮-ডিসেম্বর'১৮ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭. | সকল শিক্ষার্থীর বসবাসের স্থান/এলাকা, সমস্যার মাত্রা এবং বয়সের শ্রেণি ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের উপযুক্ত পর্যায়ে (প্রি-স্কুলিং, বিশেষ বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা এবং ভোকেশনাল ও কারিগরি বিদ্যালয়) ভর্তি করা | প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-জুন'১৮ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | জানুয়ারি'১৮-ডিসেম্বর'১৮ |
| ৮. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করার জন্য বরাদ্দকৃত শিক্ষার্থীদের তালিকা প্রেরণ | প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৮-জুন'১৮ | বাতিলকৃত | |
| ৯. | এএসডি ও এনডিডি শিশুদের স্কুলে ভর্তি করানো | প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জুলাই'১৮-ডিসেম্বর'১৮ | বাতিলকৃত | |
| ১০. | উপজেলা পর্যায়ে নির্বাহী কর্মকর্তা, সমাজকল্যাণ কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং স্বাস্থ্য কর্মকর্তার মধ্যে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি করা এবং সমন্বয় সাধন করা | সমাজকল্যাণ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক, প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৭-ডিসেম্বর'১৮ | স্বাস্থ্য সেবা বিভাগ | অক্টোবর'১৭-ডিসেম্বর'১৮ |
| ১১. | এএসডি ও এনডিডি শিশুদের বয়স, বিদ্যালয়ে গমন প্রস্তুতি, শিক্ষার ধরণ ইত্যাদি বিষয় বিবেচনায় ভর্তি নিশ্চিতকরণে একটি মনিটরিং টুল তৈরি করা | প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জানুয়ারি'১৮-ডিসেম্বর'১৮ | স্বাস্থ্য সেবা বিভাগ | অক্টোবর'১৭-ডিসেম্বর'১৭ |
| ১২. | এএসডি ও এনডিডি শিশুদের শিক্ষায় অন্তর্ভূক্তকরণের জন্য নির্দিষ্ট মেয়াদান্তে প্রতিবেদন প্রদান নিশ্চিতকরন এবং অগ্রগতির মুল্যায়ন করা | সমাজকল্যাণ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক, প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা মন্ত্রণালয় | জুলাই'১৮-ডিসেম্বর'১৮ | স্বাস্থ্য সেবা বিভাগ | জুলাই'১৮-মার্চ'১৯ |

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: মহিউদ্দীন খান)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
সভাপতি
অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত সকল শিশুকে পর্যায়ক্রমে আগামী ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ে ভর্তির নিশ্চয়তার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত কমিটি

নং-৩৭.০০.০০০০.০৮১.০৫.১০৩.১৫- ৮

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৪
১৬ আগস্ট ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ জনাব মোঃ আব্দুল মান্নান, যুগ্মসচিব)
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ বেগম ফারজানা মমতাজ, উপসচিব)
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ বেগম ফাতেমা রহিম ভীনা, উপসচিব )
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(দৃঃ আঃ ডাঃ মোঃ ফারুক হোসেন, যুগ্ম-সচিব, প্রশাসন)
৬. জনাব প্রাণ গোপাল দত্ত, কো-চেয়ারপারসন, অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটি
৭. প্রকল্প পরিচালক, ইপনা, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়
(দৃঃ আঃ ড. গোপেন কুমার কুন্ডু, উপপরিচালক, অটিজম সেল)
৮. ড. মাজহারুল মান্নান, র‍্যাপোর্টিয়ার, অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটি
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND) প্রকল্প, ঢাকা

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা

১৬/৮/১৭
(সৈয়দা নওয়ারা জাহান)
উপসচিব
ফোন # ৯৫৬৪৫৫২